

বাংলাদেশ দূতাবাস
ব্যাংকক

প্রেস বিজ্ঞপ্তি

বিকেকে ১৩৫

থাইল্যান্ডের ফুকেট প্রদেশের গভর্নরের সাথে মান্যবর রাষ্ট্রদূতের সাক্ষাৎ

ব্যাংকক, ১৮ নভেম্বর ২০২২

আজ থাইল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আবদুল হাই ফুকেট প্রদেশের গভর্নর Mr. Narong Woonciew এর সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

গভর্নর Mr. Woonciew তাঁর কার্যালয়ে মান্যবর রাষ্ট্রদূতকে সাদর অভ্যর্থনা জানান। তাঁরা বাংলাদেশ ও থাইল্যান্ডের মধ্যকার সৌহার্দ্যপূর্ণ দ্বিপাক্ষিক সম্পর্কের কথা তুলে ধরেন। গভর্নর ফুকেট এর পর্যটন খাত সম্পর্কে মান্যবর রাষ্ট্রদূতকে অবহিত করেন। বৈঠকে দুই দেশের পর্যটন খাতে সহযোগিতা বৃদ্ধিকরণ এবং ঢাকা-ফুকেট-ঢাকা এবং দুই দেশের পর্যটন নগরী কক্সবাজার - ফুকেটের মধ্যে পর্যটনের নতুন অপার সম্ভাবনায় সরাসরি বিমান চলাচল চালুকরণের সম্ভাবনার বিষয়ে আলোচনা হয়। এ সময়, গভর্নর Mr. Woonciew বাংলাদেশের রাষ্ট্রদূতের প্রস্তাবনাসমূহ সম্ভাবনাময় বলে উল্লেখ করেন। এছাড়া, কোভিড কালে ফুকেটের বিভিন্ন ইংরেজি মাধ্যমের শিক্ষা প্রতিষ্ঠানে বাংলাদেশি শিক্ষার্থীদের সহযোগিতার জন্য রাষ্ট্রদূত ফুকেট গভর্নরকে ধন্যবাদ জানান।

এ ছাড়া ফুকেটের বেশ কিছু অংশ মুসলিম অধ্যুষিত হওয়ায় বাংলাদেশি মুসলমান পর্যটকদের হালাল খাবার প্রাপ্যতা সহজ উল্লেখ করে ফুকেটের গভর্নর ফুকেটকে বাংলাদেশের পর্যটকদের জন্য অন্যতম পর্যটন স্থান হতে পারে বলে মন্তব্য করেন। বিশ্বের দীর্ঘতম সমুদ্রসৈকত কক্সবাজারও পর্যটন নগরী হিসেবে আরও বিকশিত হবার ক্ষেত্রে ফুকেটের অভিজ্ঞতা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে রাষ্ট্রদূত মোঃ আবদুল হাই উল্লেখ করেন। থাইল্যান্ড ২০২৮ সালের বিশেষ এক্সপো ফুকেট এ আয়োজনের জন্য তাঁদের মনোনয়ন দাখিল করেছে। এ নির্বাচন ২০২৩ সালে প্যারিসে অনুষ্ঠিত হবে। তিনি থাইল্যান্ডের উক্ত মনোনয়নে বাংলাদেশকে সমর্থন প্রদানের জন্য অনুরোধ জানান।

বৈঠকে ফুকেট প্রদেশের গভর্ণরের সাথে ফুকেট পর্যটন কর্তৃপক্ষ-এর পরিচালক, ফুকেট পর্যটন ব্যবসা এসোসিয়েশনের প্রেসিডেন্ট, ফুকেট বহিরাগমন দপ্তরের প্রধানসহ স্থানীয় প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। দূতাবাসের কাউন্সেলর (রাজনৈতিক) জনাব নির্ঝর অধিকারী রাষ্ট্রদূতের সাথে উপস্থিত ছিলেন।

